গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা - ১২০৭

নং-বাচআ/স্টাব-৪৮৩/২০১৭(অংশ-২) তারিখ: ১০/০৮/২০২০

**ইনোভেশন কমিটির ১ম সভার কার্যবিবরণী**

উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ইনোভেশন কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ১ম সভা ১০/০৮/২০২০ তারিখ দুপুর ১২.০০ টায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ও ইনোভেশন কমিটির সভাপতি জনাব আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সদস্যগণ ছাড়াও বিভিন্ন শাখা প্রধানগণ আমন্ত্রিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | সভা আহবান | উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ইনোভেশন কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ইনোভেশন কমিটির ১ম সভার পর প্রতি দুই মাসে ০১টি করে সভা অনুষ্ঠিত হবে। |
| ০২। | ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কওে সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা চূড়ান্ত করে দ্রুত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ০৩। | ইনোভেশন আইডিয়া আহবান ও চূড়ান্তকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২০২০-২০২১ অর্থবছওে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল শাখার নিকট সভার পূর্বেই ইনোভেশন আইডিয়া আহবান করা হয়। শাখা প্রধানগণ সভায় যেসব আইডিয়া/ প্রস্তাব উপস্থাপন করেন, তা হলো:<br>সহকারী পরিচালক (অপারেশন) : বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ডাইনামিক অ্যাপস নির্মাণ;<br>উপ-সহকারী প্রকৌশলী-১: অভ্যর্থনা কক্ষে বইয়ের ডিসপ্লে র‍্যাক স্থাপন; এবং পাবলিক অ্যানাউন্স (পিএ) সিস্টেম স্থাপন;<br>উপ-সহকারী প্রকৌশলী-২: ডিজিটাল ফিল্ম ম্যানেজম্যান্ট সিস্টেম (২য় পর্যায়);<br>উপ-সহকারী প্রকৌশলী-৩: দপ্তরের সম্মুখে দৃষ্টিনন্দন ভার্স্কর্য স্থাপন;<br>ফিল্ম অফিসার: ভল্টে সংরক্ষিত র‍্যাক ও ক্যানের বর্ণনা প্রদান; বিশিষ্ট চলচ্চিত্র ব্যাক্তিত্বদের প্রোর্টেট স্থাপন; ও ফাইল কাভার ছাপানো;<br>স্টোর শাখা: স্টোর ইনভেন্টরি সফটওয়্যার তৈরি।<br>সভায় উত্থাপিত প্রস্তাবসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২১ সালে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে অনুষ্ঠিতব্য ৭৭তম ফিয়াফ কংগ্রেসকে বিবেচনায় রেখে সভায় সর্বসম্মতিক্রমে ২০২০-২০২১ অর্থবছরের জন্য (ক) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ডাইনামিক অ্যাপস নির্মাণ, এবং (খ) ডিজিটাল ফিল্ম ম্যানেজম্যান্ট সিস্টেম (২য় পর্যায়), ইনোভেশন কার্যক্রম দুইটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |

১০/৮/২০২০

চলমান পাতা-০২

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২০/৮/২০২০

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
পরিচালক
ও সভাপতি, ইনোভেশন কমিটি
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
ফোন: ০২-৫৮১৫৭৯৮৪
মোবা: ০১৫৫২-৬৪২৮২৮
ই-মেইল : akmshamsuddin18@gmail.com

অনুলিপি :-

১। সহকারী পরিচালক (মেইনটেন্যান্স), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
২। সহকারী পরিচালক (অপারেশন), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
৩। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
৪। উপ-সহকারী প্রকৌশলী-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
৬। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এর ওয়েবসাইট www.bfa.gov.bd.
৭। অফিস নথি।

২০/০৮/২০২০

স্মিতা বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ